প্রজ্ঞাপন

ঢাকা, ২৬শে আষাঢ়, ১৪০৭ বাং/১০ই জুলাই, ২০০০ ইং।

এস, আর, ও, নং-২১৭-আইন/২০০০/২৮৬-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাং মোতাবেক ৮ই জুন, ২০০০ ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-১৭৭-আইন/২০০০/২৭৬-মূসক এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

(১) টেবিল-১ (আমদানী পর্যায়ে) এর কলাম (১) এ উল্লিখিত—

(ক) শিরনামা সংখ্যা (Heading No.) ১৭.০২ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে ;

(খ) শিরনামা সংখ্যা (Heading No.) ২৫.১৫ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code) "২৫১৫.১২.০০" সংখ্যাগুলির পরিবর্তে "২৫১৫.১২.৯০" সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে ;

(গ) শিরনামা সংখ্যা (Heading No.) ২৭.০৬ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) বর্ণিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে ;

(ঘ) শিরনামা সংখ্যা (Heading No.) ৩৩.০২ এর বিপরীতে কলাম (২) ও (৩) এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নতুন এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ

"৩৯.০২	৩৯০২.১০.০০	পলিপ্রোপাইলিন (শুধুমাত্র ঔষধ প্রশাসন কর্তৃক প্রত্যয়নকৃত ব্লক লিস্টভুক্ত ঔষধ শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানীর ক্ষেত্রে)" ;

(ঙ) শিরনামা সংখ্যা (Heading No.) ৩৯.২০ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) বর্ণিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে ;

(চ) শিরনামা সংখ্যা (Heading No.) ৩৯.০৪ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নতুন শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ

"৩৯.২০	৩৯২০.৯৯.১০	ব্লিস্টার প্যাকিং এর জন্য প্লাস্টিক ফিল্ম (শুধুমাত্র ঔষধ প্রশাসন কর্তৃক প্রত্যয়নকৃত ব্লক লিস্টভুক্ত ঔষধ শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানীর ক্ষেত্রে)" ;

(ছ) শিরনামা সংখ্যা (Heading No.) ৩৯.২১ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) বর্ণিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে ;

(জ) শিরনামা সংখ্যা (Heading No.) ৩৯.২০ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নতুন শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ

"৩৯.২০ ৩৯.২১	সংশ্লিষ্ট এইচ, এস, কোড়	ফিল্ম (শুধুমাত্র প্লেইন প্লাস্টিক ফিল্মের ক্ষেত্রে প্রযোজ্য)" ;

(ঝ) শিরনামা সংখ্যা (Heading No.) ৮৪.১৮ এর বিপরীতে কলাম (২) এ বর্ণিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) "৮৪১৮.৬১.০০" সংখ্যাগুলির পরিবর্তে "৮৪১৮.৬১.১০" সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) টেবিল-২ (উৎপাদন পর্যায়ে) এর কলাম (১) এ উল্লিখিত—

(ক) শিরনামা সংখ্যা (Heading No.) ২৭.১৩ এর বিপরীতে কলাম (২) এ বর্ণিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) "২৯১৩.২০.১০" সংখ্যাগুলির পরিবর্তে "২৭১৩.২০.১০" এবং "২৭১৪.৯০.১০" সংখ্যাগুলির পরিবর্তে "২৭১৪.৯০.২০" সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) শিরনামা সংখ্যা (Heading No.) ৩৩.০৭ এর বিপরীতে কলাম (২) এ বর্ণিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) "৩৩০৭.৯০.০০" সংখ্যাগুলির পরিবর্তে "৩৩০৭.৯০.৯০" সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে ;

(গ) শিরনামা সংখ্যা (Heading No.) ৩৩.০৭ এর বিপরীতে কলাম (২) ও (৩) এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নতুন শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ

"৩৪.০১	৩৪০১.১১.০০	প্রসাধনে ব্যবহারের জন্য (মেডিকেটেড পণ্য সামগ্রীসহ) মেডিকেটেড সাবান
	৩৪০১.১৯.০০	অন্যান্য
	৩৪০১.২০.১০	অন্যান্য ধরণের সাবান ঃ মেডিকেটেড
	৩৪০১.২০.৯০	অন্যান্য টয়লেট সাবান" ;

(ঘ) শিরনামা সংখ্যা (Heading No.) ৩৮.০৮ এর বিপরীতে কলাম (২) এ বর্ণিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) "৩৮০৮.৩০.৯০" সংখ্যাগুলির পরিবর্তে "৩৮০৮.৩০.৯৯" সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ঙ) শিরনামা সংখ্যা (Heading No.) ৪০.১০ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত "সকল এইচ, এস, কোড" শব্দগুলির পরিবর্তে "সংশ্লিষ্ট এইচ, এস, কোড" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(চ) শিরনামা সংখ্যা (Heading No.) ৪৪.১০, ৪৪.১২ ও ৪৪.১৮ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ

"৪৪.১০	সংশ্লিষ্ট এইচ, এস, কোড	পার্টিকেল, লেমিনেটেড ভিনিয়ার ও ভিনাইল বোর্ড
৪৪.১১	সংশ্লিষ্ট এইচ, এস কোড	হার্ডবোর্ড
৪৪.১২ ৪৪.১৮	সংশ্লিষ্ট এইচ, এস, কোড	প্লাইউড এবং ডোর " ;

(ছ) শিরনামা সংখ্যা (Heading No.) ৪৮.০৪ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এর এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে ;

(জ) শিরনামা সংখ্যা (Heading No.) "57.01nB ‡ Z 57.05" সংখ্যাগুলি এবং অক্ষরগুলির পরিবর্তে "৫৭.০১ হইতে ৫৭.০৫" সংখ্যাগুলি ও শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(ঝ) শিরনামা সংখ্যা (Heading No.) ৭০.০৩ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নতুন শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ

"৭০.০৪	সকল এইচ, এস, কোড	ড্রন গ্লাস এবং ব্লোন গ্লাস শীট, এ্যাবজরবেন্ট থাকুক বা না থাকুক, রিফ্লেক্টিং হউক বা না হউক";

(ঞ) শিরনামা সংখ্যা (Heading No.) ৮৭.০৩ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) "৮৭০৩.৯০.৯০" সংখ্যাগুলির পরিবর্তে নিম্নরূপ সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ

"৮৭০৩.৯০.৯১
৮৭০৩.৯০.৯৩"।

২। এই প্রজ্ঞাপন ২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাং মোতাবেক ৮ই জুন, ২০০০ইং তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফখরুল আবেদীন
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয় ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।